

আইআইইউসি'র ছাত্র আজিজুলের মৃত্যুতে ভিসি প্রফেসর গোলাম মহিউদ্দিনের শোক ও উদ্বেগ প্রকাশ

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি)-এর ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের মাস্টার্স দ্বিতীয় সেমিস্টারের ছাত্র মোঃ আজিজুল ইসলামের অস্বাভাবিক ও মর্মান্তিক মৃত্যুতে আইআইইউসি'র ভাইস চ্যান্সেলর প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করেছেন।

এক শোক বিবৃতিতে তিনি বলেন, পারিবারিক সূত্রে এটি একটি হত্যাকাণ্ড বলে আমি জানতে পেরেছি। আইআইইউসি ভিসি প্রফেসর কে. এম. গোলাম মহিউদ্দিন তদন্ত সাপেক্ষে এই হত্যাকাণ্ডের রহস্য উদঘাটন করে প্রকৃত অপরাধীকে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়ার দাবী জানান। উল্লেখ্য গত সোমবার ঢাকার হাতিরঝিল লেক থেকে হাত-পা বাঁধা অবস্থায় আজিজুলের লাশ উদ্ধার করা হয়। পরিবারের ধারণা ছিনতাইকারীদের হাতে সে নিহত হয়েছে।

আইআইইউসি কর্তৃপক্ষের পক্ষ থেকে আজ নিহত ছাত্রের পরিবারের সাথে যোগাযোগ করা হয় এবং রুহের মাহফেরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করা হয়।